# ক্রমঃ ৪২ আল-জালীল ٱلْجَلِيلُ

## অর্থ

পরম মর্যাদার অধিকারী, গৌরবান্বিত

## English

□ Aj-Jalil
- The One who is attributed with greatness of Power and Glory of status.
- The Majestic. The honorable, the exalted.

## ব্যাখ্যা

> ٱلْجَلِيلُ| আল-জালীল (গৌরবান্বিত) [1] | Al-Jal□l | The Majestic

আল-জালীল (গৌরবান্বিত), আল-কাবীর (সুমহান, সবচেয়ে বড়) হলেন যার গৌরবের গুণ রয়েছে তিনি আল-জালীল ও আল-কাবীর। বড়ত্ব ও অহংকারের গুণ আল্লাহর জন্য সাব্যস্ত, তাঁর থেকে বড়ত্ব ও পূর্ণতার এ গুণ কখনো আলাদা হয় না।[2]

আল্লাহ সম্মান, মর্যাদা, অহংকার, বড়ত্ব ও গৌরব এসব গুণে গুণান্বিত। তিনি সব কিছুর থেকে বড়, সবচেয়ে মহান, সবচেয়ে বড় ও উচুঁ। তাঁর অলীদের অন্তরে তাঁর ব্যাপারে রয়েছে সর্বময় সম্মান ও মর্যাদা। তাদের অন্তর আল্লাহর সম্মান, মর্যাদা, বিনয়, অবনমিতা ও তাঁর অহংকারের কাছে অপদস্তুতায় তাদের অন্তর পরিপূর্ণ থাকে। [3]

---

[1] গ্রন্থকার ইবনুল কাইয়্যিম রহ. আল-জালীল নামটি আসমাউল হুসনার অন্তর্ভুক্ত করেছেন; কিন্তু এ নামটি আল্লাহর জন্য সাব্যস্ত নেই। আল্লাহই অধিক জ্ঞাত।

[2] আল-হাক্কুল ওয়াদিহ আল-মুবীন, পৃ. ২৯।

[3] আত-তাফসীর, ৫/৬২২; আল-কাফিয়া আশ-শাফিয়া, পৃ. ১১৭।

---

Source — https://www.hadithbd.com/99namesofallah/detail/?nid=42

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন